দৈনিক
ইত্তেফাক

তারিখ 14 FEB 2015
পৃষ্ঠা ৭ কলাম ৬

# না'গঞ্জে ১৪৮ স্কুলে প্রধান শিক্ষক নেই

■ হাবিবুর রহমান বাদল, নারায়ণগঞ্জ প্রতিনিধি

নারায়ণগঞ্জের ১৪৮টি সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক ছাড়াই চলছে। পদোন্নতি বন্ধ ও প্রধান শিক্ষক পদে সরাসরি নিয়োগ বন্ধ থাকার কারণে এ অবস্থার সৃষ্টি হয়েছে। ফলে বিদ্যালয়গুলোতে দেখা দিয়েছে স্থবিরতা। জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা বিষয়টি নিশ্চিত করে বলেছেন, বিগত পাঁচ বছর যাবৎ পদোন্নতি বন্ধ ও সরাসরি প্রধান শিক্ষক পদে নিয়োগ না দেয়ায় এ অবস্থার সৃষ্টি হয়েছে।

জেলা শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, সদর উপজেলায় মোট সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ৫৩২টি। এরমধ্যে সরকারি বিদ্যালয়ের ৮৭টি ও ৬১টি সদ্য সরকারিকরণ করা বিদ্যালয়সহ মোট ১৪৮টি বিদ্যালয়ের প্রধান শিক্ষকের পদ শূন্য রয়েছে। এগুলোর মধ্যে কোনো কোনো বিদ্যালয় প্রধান শিক্ষক ছাড়াই কাটিয়ে দিয়েছে বিগত পাঁচ বছর। তবু শিক্ষা বিভাগ থেকে কোনো ব্যবস্থা নেয়া হয়নি। জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মাহাবুর রহমান বলেন, ২০০৯ সাল থেকে পদোন্নতি বন্ধ ও প্রধান শিক্ষক পদে সরাসরি নিয়োগ বন্ধ থাকার কারণে প্রধান শিক্ষকের পদে শূন্যতা সৃষ্টি হয়েছে। এ বিষয়ে নারায়ণগঞ্জ জেলা শিক্ষা অফিসার সৈয়দা মাফুজা বেগম বলেন, পদোন্নতি ও প্রধান শিক্ষক পদে সরাসরি নিয়োগ বন্ধ থাকার কারণে প্রধান শিক্ষকের পদে শূন্যতা সৃষ্টি হয়েছে। বিষয়টি লিখিতভাবে মন্ত্রণালয়কে একাধিকবার জানানো হয়েছে। কিন্তু কোনো ফল পাওয়া যায়নি।